

শেখ হাসিনা

৩০ জুন ১৯৯৬

পৃষ্ঠা: ৩

কলাম: ৩

৬৫

# পাঁচ বোর্ডের এইচএসসি পরীক্ষা আজ শুরু : পরীক্ষার্থী ৫৮৪২১০

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : আজ রোববার থেকে দেশের ৫টি শিক্ষা বোর্ডের অধীনে চলতি বছরের এইচএসসি পরীক্ষা শুরু হচ্ছে। সমগ্রদেশের ৮৭৮০টি কেন্দ্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ৫ লাখ ৮৪ হাজার ২১০ জন।

কর্তৃপক্ষ সুষ্ঠু ও শান্তিপূর্ণ উপায়ে পরীক্ষা গ্রহণের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করেছে। পরীক্ষা কেন্দ্রের ২০ গজের মধ্যে পরীক্ষা চলাকালে ১৪৪ ধারা জারী থাকবে।

বোর্ডওয়ারী পরীক্ষার্থীর সংখ্যা ঢাকা বোর্ডে বিদেশী ৫টি কেন্দ্রসহ মোট ২৪০টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং পরীক্ষার্থীর সংখ্যা ২ লাখ ৫৫ হাজার ৫০ জন। রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ২৩৪টি কেন্দ্রে মোট পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৪১ হাজার ৪৩২ জন। যশোর শিক্ষা বোর্ডের অধীনে মোট ১৯০টি কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ১৫ হাজার। কুমিল্লা শিক্ষা

বোর্ডের অধীনে ১৪৩টি কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ৮৪ হাজার এবং চট্টগ্রাম শিক্ষাবোর্ডের অধীনে ৭৩টি কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ৩৮ হাজার ৭২৮ জন।

ঢাকা মহানগরীতে ৪২টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। আজ প্রথম দিন অনুষ্ঠিত হবে ইংরেজী প্রথমপত্রের পরীক্ষা শুরু হবে। সকাল ১০ টায়।

এদিকে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, পরীক্ষায় পরিদর্শক শিক্ষকগণ স্ব-স্ব কলেজে পরিদর্শন করবেন। এ ছাড়া প্রতি কলেজ থেকে ৫ জন শিক্ষক অন্যত্র পরিদর্শনে যেতে পারবেন বলে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে।

ঢাকা শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের দফতর পরীক্ষার দিন সকাল ১০টা থেকে রাত দশটা পর্যন্ত খোলা থাকবে।

(৮-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## পাঁচ বোর্ডের এইচএসসি

(প্রথম পৃষ্ঠার পর)

### যশোর বোর্ডের ৩টি পরীক্ষা কেন্দ্র বাতিল

যশোর ব্যারোর খবর : যশোর শিক্ষা বোর্ড তিনটি এইচএসসি পরীক্ষা কেন্দ্র বাতিল করেছে। আজ রোববার থেকে দেশের অন্যান্য শিক্ষা বোর্ডের সঙ্গে যশোর শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষাও শুরু হচ্ছে।

বাতিল তিনটি পরীক্ষা কেন্দ্র হল নড়াইলের বড়দিয়া এবং ঝালকাঠির গুয়াটোন ও বিনয়কাটি। শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক জানান, গুরুত্ব বছর ওই তিনটি কেন্দ্রে নকলের চেষ্টা চলে। বাধ্য দিতে গেলে স্থানীয় লোকজন কর্তৃপক্ষের উপর মারমুখী হয়। পরীক্ষার পরিবেশ না থাকায় এবার ওই তিনটি কেন্দ্রের পরীক্ষা বাতিল করে সেখানকার পরীক্ষার্থীদের জন্য জেলা সদরে পরীক্ষা নেয়া হচ্ছে।

এ দিকে এবার যশোর শিক্ষাবোর্ডের ১৬টি জেলার ১৭৮৭টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী সংখ্যা ১ লাখ ১৪ হাজার ১৭ ৯০ জন। এর মধ্যে ৭৫ হাজার ৪১ ৯ জন পুরুষ ও ৩৮ হাজার ৭১ ৮১ জন মহিলা। বোর্ড সূত্রে বলা হয়, প্রতিটি পরীক্ষা কেন্দ্রেই প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয়েছে।